

## সরিষাবাড়ীতে প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের ৩০ পদ শূন্য

■ সরিষাবাড়ী (জামালপুর) সংবাদদাতা  
সরিষাবাড়ী উপজেলায় ২ বছর ধরে প্রধান শিক্ষকের  
৩০টি পদ শূন্য রয়েছে। শিক্ষকদের অবশর গ্রহণ, মৃত্যু  
ও বদলিজনিত কারণে ওই পদগুলো শূন্য রয়েছে।  
শিক্ষা অফিস সূত্রে জানা যায়, এ উপজেলায়  
১৩৩টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে আগের  
সরকারি ৮৫টি প্রকল্পের আওতাভুক্ত ১১৩টি  
সরকারিকরণ ৩টি বেসরকারি রেজিঃ প্রাথমিক  
বিদ্যালয় থেকে সদ্য জাতীয়করণ ৩৫টি ও কমিউনিটি  
থেকে জাতীয়করণ ১০টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। ২  
বছর ধরে মানিকপটল, গোবিন্দপুর, গারাজোবা,  
তরনিআটা, দড়ি মেইয়া, ডাকাতিয়া মেন্দা, জয়নগর,  
চরহরিপুর, বলারদিয়া, সেঙ্গুয়া, কুঠিরহাট, বিনজাইল,

ভবানীপুর ও মালীপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের  
প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। এ ছাড়া সদ্য  
জাতীয়করণকৃত টিকরাপাড়া, চুনিয়াপটল, পশ্চিম  
গোবিন্দপুর, বীরবড়বাড়িয়া, চরবাসালী, বাশবাড়ী,  
মেদুর, রামপুর, বালিয়ামেন্দা প্রকাশ মিরকুটিয়া, পূর্ব  
রৌহা এসআরটি, বাঘমারা, পূর্ব ধারাবর্ষা, চর হরিপুর  
দক্ষিণপাড়া, দক্ষিণ নলসোন্ধা, দক্ষিণ দৌলতপুর,  
আতাউর রহমান সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান  
শিক্ষকের পদ শূন্য রয়েছে। এতে ওই প্রতিষ্ঠানগুলোর  
পাঠদান ব্যাহত হচ্ছে। এ ব্যাপারে উপজেলা প্রাথমিক  
শিক্ষা কর্মকর্তা মোহাম্মদ ফেরদৌস জানান, ইতিমধ্যে  
শূন্যপদ পূরণের জন্য প্রেষণ তালিকা তৈরি করে  
শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে।